দৈনিক সংবাদ

তারিখ ... 08 DEC 1989 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৮ ...

# পাচার হয়ে আসা অস্ত্র বিশ্ববিদ্যালয়ে ব্যবহৃত হচ্ছে
## —শিক্ষামন্ত্রী

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন: বিশ্ববিদ্যালয়ে অস্ত্র প্রবেশের অন্যতম কারণ অস্ত্র পাচার। এছাড়া স্বাধীনতা সংগ্রাম

(শেষ পৃ: ৬-এর ক: দেখুন)

## শিক্ষামন্ত্রী

(১ম পাতার পর)

কালে রাজাকার-আলবদরদের অস্ত্র, যুদ্ধে ব্যবহৃত ফেরত না দেয়া অস্ত্র, থানা-ব্যাংক লুটের মাধ্যমে এবং অবৈধ অস্ত্র কারখানায় তৈরী অস্ত্রও ব্যবহৃত হচ্ছে সন্ত্রাসবাদীদের মাধ্যমে। মন্ত্রী রাজনৈতিক দলের কার্যকলাপ শিক্ষাঙ্গনে সম্প্রসারণ না করার জন্য সকল রাজনৈতিক দলের প্রতি আহবান জানান। তিনি বলেন: ছাত্র সংগঠন গঠন করার কোন অভিলাষ বর্তমান সরকার বা জাতীয় পার্টির নেই।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টিকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্ত শাসনের প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা রেখেই আমরা কর্তৃপক্ষকে সহায়তা করবো।

মন্ত্রীর কাছে জানতে চাওয়া হয়েছিল—অস্ত্র পাচার রোধে সরকার ব্যর্থ কিনা? তিনি বলেন, মোটেই ব্যর্থ নয়। আইন-শৃংখলা রক্ষীবাহিনী এ লক্ষ্যে সব সময়ই কাজ করে যাচ্ছে।

শিক্ষামন্ত্রী বলেন, আগামী বছর থেকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, গণশিক্ষা কার্যক্রম, প্রাথমিক বিদ্যালয়ের মেয়েদের জন্য পোশাক ও টিফিন প্রদান চালু করার বিষয়গুলো সরকারী পর্যায়ে সক্রিয় বিবেচনাধীন আছে।

মন্ত্রী জানান, আগামী ৫ থেকে ৯ই মার্চ থাইল্যাণ্ডে 'সবার জন্য শিক্ষা' বিষয়ক বিশ্ব সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সম্মেলনের প্রস্তুতি হিসেবে আগামীকাল শনিবার থেকে ১১ই ডিসেম্বর পর্যন্ত ঢাকায় দক্ষিণ ও মধ্য এশীয় আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠিত হবে।